গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়**
কক্সবাজার
www.rrrc.gov.bd

স্মারক নম্বর: ৫১.০৪.২২০০.০০৬.০৫.৫২৯.২৬-২৮৬০ তারিখ: ০২ জুন ২০২৬ খ্রি.

**বিষয়:** **"Means to Lead"** শীর্ষক প্রকল্পের কার্যক্রমসমূহ বাস্তবায়নের অনুমতি প্রদান।

সূত্র: (১) ক্যাম্প- ৩ এর স্মারক ন.- ১৩১; তারিখ: ১৭/০৫/২০২৬ খ্রি.
(২) UN-WOMEN এর চুক্তির রেফারেন্স ন.- 05-PA005162BGD; তারিখ: ২৮/০২/২০২৬ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মাঝে মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা **সমাজ কল্যাণ ও উন্নয়ন সংস্থা (স্কাস)**- কে ছকে বর্ণিত কার্যক্রমসমূহ নিম্নোক্ত শর্তের আলোকে ক্যাম্প অভ্যন্তরে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো :

**চুক্তির রেফারেন্স নং** : 05-PA005162BGD
**প্রকল্পের নাম** : Means to Lead
**দাতা সংস্থা** : UN-WOMEN
**প্রকল্প এলাকা** : ক্যাম্প- ৩
**মেয়াদকাল** : ০১/০৩/২০২৬ খ্রি. হতে ৩১/১২/২০২৬ খ্রি.

**ক্যাম্প- ৩**

| ক্র. নং | স্থাপনা/ কার্যক্রমের বিবরণ | সংখ্যা/ মাস/দিন | একক ব্যয় (টাকা) | মোট বাজেট (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | রোহিঙ্গা কমিউনিটির প্রাপ্তবয়স্ক নারী শিক্ষার্থীদের জন্য হস্তশিল্প বিষয়ে জীবিকায়ন দক্ষতা উন্নয়নমূলক অনানুষ্ঠানিক কারিগরি প্রশিক্ষণ প্রদান | ৬০ জন | ৪,৫০০ | ২৭০,০০০ | ৬০ জন অংশগ্রহণকারী ২৪ দিনব্যাপী হস্তশিল্প উৎপাদন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করবে। প্রশিক্ষণ উপকরণ ক্রয়ের জন্য প্রতিজনের জন্য ৪,৫০০ টাকা ব্যয় হবে (৬০x৪,৫০০=২৭০,০০০ টাকা) |
| ২ | রোহিঙ্গা কমিউনিটির প্রাপ্তবয়স্ক নারী শিক্ষার্থীদের জন্য ক্ষুদ্র ব্যবসা/পোল্ট্রি পালন/বাড়িভিত্তিক বাগান/অন্যান্য বিষয়ে জীবিকায়ন দক্ষতা উন্নয়নমূলক অনানুষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান | ৬০ জন | ৫০০ | ৩০,০০০ | ৬০ জন অংশগ্রহণকারী উল্লিখিত বিষয়ে অনানুষ্ঠানিক জীবিকায়ন প্রশিক্ষণ গ্রহণ করবে। এ জন্য প্রতিজনের স্টেশনারি ব্যয় ১০০ টাকা (৬০x১০০=৬,০০০ টাকা) এবং প্রশিক্ষণ উপকরণ ও নাস্তা বাবদ ৪০০ টাকা (৬০x৪০০=২৪,০০০ টাকা)। সুতরাং মোট একক ব্যয় ৫০০ টাকা ধরে মোট বাজেট ৩০,০০০ টাকা। প্রশিক্ষণটি ন্যূনতম ১০ দিনব্যাপী হবে, যেখানে সেশন,ব্যবহারিক প্রদর্শনী ও ফলোআপ অন্তর্ভুক্ত থাকবে |
| ৩ | রোহিঙ্গা কমিউনিটির জন্য হস্তশিল্প ও ক্ষুদ্র ব্যবসা/ পোল্ট্রি পালন/ বাড়ি ভিত্তিক বাগান/অন্যান্য বিষয়ে অনুদান বা পণ্য সহায়তা প্রদান | ১২০ জন | ৫,০০০ | ৬০০,০০০ | অনানুষ্ঠানিক প্রশিক্ষণে অংশগ্রহণকারী হস্তশিল্পের ৬০ জন এবং ক্ষুদ্র ব্যবসা/পোল্ট্রি পালন/বাড়িভিত্তিক বাগান/অন্যান্য সংক্ষিপ্ত কোর্সের ৬০ জনসহ মোট ১২০ জন অংশগ্রহণকারী প্রত্যেকে ৫,০০০ টাকা সমমূল্যের পণ্য সহায়তা পাবে (১২০x৫,০০০=৬০০,০০০টাকা) |
| ৪ | রোহিঙ্গা কমিউনিটির প্রাপ্তবয়স্ক নারী শিক্ষার্থীদের জন্য শিল্প সেলাই মেশিন পরিচালনায় জীবিকায়ন দক্ষতা উন্নয়নমূলক পেশাগত প্রশিক্ষণ প্রদান | ৪০ জন | ৭,০০০ | ২৮০,০০০ | ৪০ জন অংশগ্রহণকারী শিল্প সেলাই মেশিন পরিচালনায় পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করবে। সকল অংশগ্রহণকারী রোহিঙ্গা কমিউনিটির প্রাপ্তবয়স্ক নারী। প্রতিজনের জন্য প্রশিক্ষণ উপকরণ ব্যয় ৭,০০০ টাকা; মোট ব্যয় ৭,০০০x৪০=২৮০,০০০ টাকা |
| ৫ | শিল্প সেলাই মেশিন পরিচালনায় পেশাগত প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের জন্য ভাতা | ৪০ জন | ৩,৬০০ | ১৪৪,০০০ | ৪০ জন প্রশিক্ষণার্থী ৭২ দিনব্যাপী প্রতিদিন ৫০ টাকা হারে ভাতা/নাস্তা পাবে (৭২x৫০x৪০=১৪৪,০০০টাকা) |
| ৬ | শিল্প সেলাই মেশিন পরিচালনা প্রশিক্ষণের মূল্যায়ন ও সনদায়ন | ৬০ জন | ৪,৫০০ | ২৭০,০০০ | ৭২ দিনের শিল্প সেলাই মেশিন পরিচালনা প্রশিক্ষণ সম্পন্ন করার পর অংশগ্রহণকারীরা LSDS-এর মাধ্যমে সনদ প্রদানের লক্ষ্যে মূল্যায়নের আওতায় আসবে। প্রতিজনের জন্য মূল্যায়ন ব্যয় ৪,৫০০ টাকা (৪,৫০০x৬০ = ২৭০,০০০ টাকা) |
| ৭ | শিল্প সেলাই মেশিন প্রশিক্ষণের জন্য সরঞ্জাম ও যন্ত্রপাতি | ১ বার | ১৫০,০০০ | ১৫০,০০০ | বাটন হোল্ড মেশিন (৮০,০০০ টাকা) এবং বাটন এটাচ মেশিন (৭০,০০০ টাকা) |
| ৮ | স্থানীয় পর্যায়ে সম্ভাব্য বাজার প্রতিনিধিদের ও উপকারভোগীদের সঙ্গে বাজার সংযোগ সভা ও অভিজ্ঞতা বিনিময়/পরিদর্শন | ১ বার | ১০,০০০ | ১০,০০০ | একটি পরিদর্শন/সভা আয়োজন করা হবে, যার আনুমানিক ব্যয় ১০,০০০ টাকা। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯ | রোহিঙ্গা কমিউনিটির জন্য হস্তশিল্প স্বেচ্ছাসেবক | ১ জন | ১৩,০০০ | ১৩০,০০০ | রোহিঙ্গা কমিউনিটির জীবিকায়ন স্বেচ্ছাসেবকদের জন্য মাসিক প্রণোদনা প্রতিজন ১৩,০০০ টাকা (১৩,০০০x১০ মাস=১৩০,০০০ টাকা) |
| ১০ | শিল্প সেলাই মেশিন পরিচালনায় রোহিঙ্গা স্বেচ্ছাসেবক | ১ জন | ১৩,০০০ | ১৩০,০০০ | রোহিঙ্গা কমিউনিটির জীবিকায়ন স্বেচ্ছাসেবকদের জন্য মাসিক প্রণোদনা প্রতিজন ১৩,০০০ টাকা (১৩,০০০x১০মাস=১৩০,০০০ টাকা) |
| ১১ | উৎপাদন উপকরণ ও মজুরি | ১ বার | ২০০,০০০ | ২০০,০০০ | উৎপাদন উপকরণ ক্রয় ও শ্রমিকের মজুরি অন্তর্ভুক্ত করে আনুমানিক ব্যয় |
| | | | **সর্বমোট টাকা** | **২২,১৪,০০০/-** | |

**শর্তাবলী:**

১) কাজ শুরুর পূর্বেই অভিজ্ঞ জনবল নিয়োগ করতে হবে এবং রোহিঙ্গা ভলান্টিয়ারগণ সংশ্লিষ্ট ক্যাম্পের বাসিন্দা হতে হবে। নিয়োগকৃতদের তালিকা সংশ্লিষ্ট ক্যাম্প-ইনচার্জ এর নিকট সরবরাহ করতে হবে;

২) কার্যক্রম পরিচালনার পূর্বে সুবিধাভোগীদের তালিকা সংশ্লিষ্ট ক্যাম্প-ইনচার্জ কার্যালয়ে জমা দিতে হবে;

৩) কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে এনজিও বিষয়ক ব্যুরোর এফডি-৭ ও Framework for NGO's এ বর্ণিত নির্দেশাবলী আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে;

৪) কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে অন্যান্য এনজিও সংস্থার সাথে সমন্বয় করে কাজ করতে হবে;

৫) কোন ভাবেই প্রত্যাবাসন বিরোধী কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না;

৬) সময়ে সময়ে কর্তৃপক্ষ (সরকার) কর্তৃক জারীকৃত সকল নির্দেশনা পরিপালন করতে হবে;

৭) কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে অবশ্যই দ্বৈততা পরিহার করতে হবে;

৮) কাজ বাস্তবায়নের পূর্বেই সংশ্লিষ্ট ক্যাম্প-ইনচার্জ এর নিকট প্রস্তাবিত কাজের বিস্তারিত কর্ম পরিকল্পনার কপি প্রদান করে লিখিত প্রাপ্তি স্বীকার গ্রহণ করতে হবে;

৯) কার্যক্রম বাস্তবায়ন পর্যালোচনা করার জন্য এ কার্যালয়ের কর্মকর্তা, ক্যাম্প-ইনচার্জ বা উপযুক্ত প্রতিনিধি যেকোন সময় কার্যক্রমস্থল ও ক্যাম্প কার্যালয় পরিদর্শন করবেন;

১০) নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকতে হবে এবং মাসিক প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে;

১১) উল্লিখিত কার্যক্রম ব্যতীত অন্য কোন কার্যক্রম বাস্তবায়ন তথা আর্থিক লেনদেন করা যাবে না;

১২) কাজ বাস্তবায়ন শেষে একটি লিখিত প্রতিবেদন বাস্তবায়িত কাজের প্রয়োজনীয় সংখ্যক ইনভেলাপ আকারের ছবিসহ সংশ্লিষ্ট ক্যাম্প-ইনচার্জ এর প্রতিস্বাক্ষর গ্রহণপূর্বক এ কার্যালয়ে দাখিল করতে হবে;

১৩) নীড অ্যাসেসমেন্টে কোন শর্ত উল্লেখ করা থাকলে তা আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে এবং

১৪) উল্লিখিত শর্তসমূহ বা অন্য কোন বিধি ভঙ্গ করা হলে এবং এ সংক্রান্ত সঠিক ব্যাখ্যা প্রদানে ব্যর্থ হলে কার্যক্রম সাময়িকভাবে বন্ধ করাসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০১.০৫.২৫

**নওশের ইবনে হালিম**
সহকারী সচিব
মোবাইল: ০১৮১৮৭২৬৮৭২
ই-মেইল: contact@rrrc.gov.bd

সহকারী পরিচালক
**সমাজ কল্যাণ ও উন্নয়ন সংস্থা (স্কাস)**

**অনুলিপি:** সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। **জেলা প্রশাসক**, কক্সবাজার।
২। **ক্যাম্প-ইনচার্জ**, ক্যাম্প- ৩, কক্সবাজার।
৩। **পিএস টু আরআরআরসি** (আরআরআরসি মহোদয়ের সদয় অবগতির জন্য), এ কার্যালয়।
৪। **সহকারী প্রোগ্রামার,** (এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫। অফিস কপি।